

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমষ্টি) শাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৮.০০.০০০০.৮২৫.২২.০০৩.১৮.১৯

তারিখ:-----
৩০ ফাল্গুন ১৪২৪
১৪ মার্চ ২০১৮

পরিপত্র

বিষয়: বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন।

সরকারের বিঘোষিত নীতি ও কর্মসূচির যথাযথ বাস্তবায়নের মাধ্যমে কাঞ্চিত লক্ষ্য অর্জন এবং সরকারি কর্মকাণ্ডে স্বচ্ছতা, দায়বদ্ধতা এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের নিমিত্ত ২০১৮-১৫ অর্থবছর হতে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা হয়েছে। এরই ধারাবাহিকতায় বৃপক্ষ ২০২১, ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভিষ্ঠ (SDG) এবং সরকারের সার্বিক উন্নয়ন-অগ্রাধিকারের সঙ্গে সামঞ্জস্য রেখে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন করবে। কর্মসম্পাদন চুক্তিতে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের ভিশন, মিশন, কৌশলগত উদ্দেশ্য, এগুলি অর্জনের জন্য অগ্রাধিকার ভিত্তিতে করণীয় বিষয়সমূহ (activities) এবং কর্মসম্পাদন সূচকসমূহ (performance indicators) ও লক্ষ্যমাত্রাসমূহ (targets) বিধৃত হবে।

২। ইতোমধ্যে মাঠ পর্যায়ের বিভাগীয়/আঞ্চলিক, জেলা ও উপজেলা কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকা ২০১৮-১৯ মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে (www.cabinet.gov.bd) প্রকাশ করা হয়েছে। উক্ত নির্দেশিকায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা, চুক্তির কাঠামো, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য, অনুসরণীয় প্রক্রিয়া এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত সময়সূচি (APA Calendar) অন্তর্ভুক্ত রয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকার অনুলিপি এইসঙ্গে সংযুক্ত করা হল।

৩। এমতাবস্থায়, উক্ত নির্দেশিকা অনুযায়ী বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পন্ন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

.....
১৪/০৩/১৬
(মুহাম্মাদ সাইফুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০১৭১২২৩০১০৫

ই-মেইল: pmpc_sec@cabinet.gov.bd

বিভাগীয় কমিশনার (সকল)

.....।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মন্ত্রিপরিষদ সচিব-এর একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ—মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। সচিব, সমষ্টি ও সংস্কার-এর একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ—সচিব, সমষ্টি ও সংস্কার মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৩। প্রোগ্রামার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ—পরিপত্র, নির্দেশিকাসমূহ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কাঠামোসমূহ, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ও মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।